গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আড়াইহাজার, নারায়ণগঞ্জ

# হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলাধীন নিম্নবর্ণিত হাট বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্রের সহিত এরূপ উল্লিখিত মূল্যের ৩০% জামানত হিসাবে যে কোন সিডিউল ব্যাংক হতে নিম্নস্বাক্ষরকারীর অনুকুলে ব্যাংক ড্রাফট/ পে অর্ডার আকারে জমা দিতে হবে। অনুমোদিত ইজারাদারের অনুকুলে উক্ত ৩০% হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট বাজার পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে প্রয়োজনীয় ব্যয় মিটানো হবে। ইজারা বছর সমাপনান্তে অব্যাবহৃত টাকা ইজারাদারের বরাবরে প্রত্যার্পণ করা হবে।

অনুমোদিত দরপত্রদাতাকে অবশিষ্ট ৭০% অর্থ চুড়ান্ত অনুমোদনের পর অবহিত হওয়ার তারিখ হতে ৭(সাত) দিনের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে এবং একই সাথে মোট ইজারা মূল্যের উপর ১০% হারে আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) জমা দিতে হবে। অবশিষ্ট টাকা আয়কর ও ভ্যাট বাবদ সমূদয় অর্থ জমা প্রদানের পর বিধি মোতাবেক চুক্তিনামা সম্পাদন করতে হবে । অন্যথায় দরপত্র বাতিল এবং জামানত সরাসরি বাজেয়াপ্ত বলে গণ্য হবে। আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিগণ অন্যান্য শর্তাবলীসহ দরপত্র সিডিউল নির্ধারিত নগদমূল্যে (অফেরত যোগ্য) ঃ (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ (২) সহকারী কমিশনার (ভূমি), আড়াইহাজার, নারায়ণগঞ্জ (৩) সোনালী ব্যাংক, আড়াইহাজার শাখা, নারায়ণগঞ্জ (৪) অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানা,নারায়ণগঞ্জ ও (৫) জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ হতে অফিস চলাকালীন সময়ে নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী সংগ্রহ করতে পারবেন। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রী হবে না। দরপত্রসমূহ (১) জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ (২) সহকারী কমিশনার (ভূমি), আড়াইহাজার, নারায়ণগঞ্জ ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দাখিল করতে হবে এবং ঐ দিনই নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বিকাল ৩:০০ ঘটিকায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে। খামের উপর স্পষ্টভাবে হাট-বাজারের নাম উল্লেখ করতে হবে। উদ্ধৃতদর অংকে ও কথায় স্পষ্টভাবে লিখতে হবে। অস্পষ্ট ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

| ক্রমিক নং | হাট বাজারের নাম | ধর্তব্য / সরকারী মূল্য | দরপত্র সিডিউলের মূল্য | ১ম আহ্বান | | ২য় আহ্বান | | ৩য় আহ্বান | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সিডিউল বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | সিডিউল বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | সিডিউল বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ০১. | পুরিন্দা বাজার | ৫৩,২৬০.০০ | ৫০০/- | ১৩/০৩/২৪ বিকেল ৪:০০ টা | ১৪/০৩/২৪ দুপুর ১:০০ টা | ২০/০৩/২৪ বিকেল ৪:০০ টা | ২১/০৩/২৪ দুপুর ১:০০ টা | ২৭/০৩/২৪ বিকেল ৪:০০ টা | ২৮/০৩/২৪ দুপুর ১:০০ টা | ২য় ও ৩য় আহ্বানের জন্য কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না |
| ০২ | পাঁচরুখি বাজার | ২৫,৬১৭.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | |
| ০৩ | বাগবাড়ী বাজার | ৩১,১৪৬.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | |
| ০৪ | সমাজকল্যাণ বাজার | ১৮,৫৫০.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ০৫ | কালিবাড়ী বাজার | ৫,৯৮,০১৬.০০ | ১৮০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ০৬ | দুপ্তারা বাজার | ৪৩,৯৯০.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ০৭ | মনোহরদী বাজার | ২৭,১০০.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ০৮ | বালিয়াপাড়া বাজার | ১,২১,১৯৩.০০ | ১০০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ০৯ | প্রভাকরদী বাজার | ৫৪,১৭৬.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ১০ | ফাউসা বাজার | ২৪,৫৫৭.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ১১ | দিঘলদী বাজার | ২৩,৪০৮.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |

চলমান পাতা- ০২

| ক্রমিক নং | হাট বাজারের নাম | ধর্তব্য / সরকারী মূল্য | দরপত্র সিডিউলের মূল্য | ১ম আহ্বান | | ২য় আহ্বান | | ৩য় আহ্বান | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সিডিউল বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | সিডিউল বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | সিডিউল বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | ১৩/০৩/২৪ বিকেল ৪:০০ টা | ১৪/০৩/২৪ দুপুর ১:০০ টা | ২০/০৩/২৪ বিকেল ৪:০০ | ২১/০৩/২৪ দুপুর ১:০০ টা | ২৭/০৩/২৪ বিকেল ৪:০০টা | ২৮/০৩/২৪ দুপুর ১:০০ টা | ২য় ও ৩য় আহ্বানের জন্য কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না |
| ১২ | ফতেপুর বাজার | ১,০২,১১৩.০০ | ১০০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | |
| ১৩ | বিশনন্দী বাজার | ৬,১৮৩.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ১৪ | সুলতানসাদী বাজার | ৩৭,৬৩০.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ১৫ | চৈতনকান্দা বাজার | ৭,৯৫০.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ১৬ | শালমদী একতাবাজার | ৫৫,৫০৮.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ১৭ | সিংহদী বাজার | ৫৪,৪৪৮.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ১৮ | তিলচন্ডী বাজার | ২,৩২,৩৫২.০০ | ১০০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ১৯ | জাঙ্গালীয়া বাজার | ৩,৭৮,৩০৩.০০ | ১৪০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ২০ | ইলমদী বাজার | ৭,৭২০.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ২১ | শান্তির বাজার | ১,৩৭,০৯৩.০০ | ১০০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ২২ | উচিৎপুরা বাজার | ৪,৭৭,৫৩০.০০ | ১৬০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ২৩ | ডোমারচর বাজার | ৪৬,০০৫.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ২৪ | রাধানগর বাজার | ১,৭৩১.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ২৫ | চম্পকনগর বাজার | ৪০,১০৩.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ২৬ | নয়নাবাদ বাজার | ১,১০৩.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |
| ২৭ | ইজারকান্দি বাজার | ২,০৬৭.০০ | ৫০০/- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- | -ঐ- |

## ১৪৩১ বাংলা সনের হাটবাজার ইজারার শর্তাবলী ঃ-

১। বাংলা ১৪৩১ সনের, ১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাটবাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা (যদি থাকে) জমাকারীর বরাবরে প্রত্যাপর্ণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

চলমান পাতা- ০৩

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বৎসরের গড়ের সাথে অতিরিক্ত ৬% যোগ করে ইজারার মূল্য (সরকারি মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। দ্বিতীয়বার দরপত্র আহব্বান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হইতে কম হয় তাহা হইলে ইজারা প্রদান কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫। এক বাজরের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজরের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবেন না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজরের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।দরপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং টিন সার্টিফিকেট (যদি থাকে) সংযুক্ত করতে হবে।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উলেখ করিতে হইবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ)পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গন্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজর ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারা অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান কর হইবে।

১৬। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

২১/০২/২৪
(ইশতিয়াক আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আড়াইহাজার, নারায়ণগঞ্জ
☏ ০১৭৬৮-০৪৭১৯৪
unoaraihazar@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪১.৬৭০২.০০০.১৩.০০১.২৪- ১১৭ (১০০) তারিখ ঃ ২২/০২/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

০১. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ
০২. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
০৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নারায়ণগঞ্জ

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১. উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর/বন্দর /সোনারগাঁও/রূপগঞ্জ
০২. সহকারী কমিশনার (ভূমি), আড়াইহাজার, নারায়ণগঞ্জ
০৩. উপজেলা ..............................................কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
০৪. অফিসার ইনচার্জ আড়াইহাজার থানা
০৫. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, আড়াইহাজার শাখা
০৬. সাব-রেজিষ্টার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
০৭. চেয়ারম্যান,...................................... ইউনিয়ন পরিষদ (সকল), আড়াইহাজার, নারায়ণগঞ্জ
০৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ,........................ইউনিয়ন (সকল), আড়াইহাজার, নারায়ণগঞ্জ
০৯. পোষ্ট মাস্টার ......................................................................আড়াইহাজার, নারায়ণগঞ্জ
১০. সভাপতি/ সাধারণ সম্পাদক ................................বাজার কমিটি, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
১১. জনাব ....................................ইজারাদার ...................................বাজার (সকল), আড়াইহাজার, নারায়ণগঞ্জ

২১/০২/২৪
(ইশতিয়াক আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আড়াইহাজার, নারায়ণগঞ্জ
☏ ০১৭৬৮-০৪৭১৯৪
unoaraihazar@mopa.gov.bd